দৈনিক ইত্তেফাক

তারিখ 17 NOV 1993
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৭ ...

125

## বিশ্ববিদ্যালয় স্বায়ত্তশাসন খর্ব করার উদ্যোগের বিরুদ্ধে হুঁশিয়ারি

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি বিশ্ববিদ্যালয় স্বায়ত্তশাসনের উপর অবাঞ্ছিত হস্তক্ষেপের বিরুদ্ধে সরকারের প্রতি হুশিয়ারি উচ্চারণ করিয়াছেন। শিক্ষা মন্ত্রণালয় বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ ১৯৭৩ সংশোধন করার জন্য সরকার যে ষড়যন্ত্র করিতেছে। গতকাল অনুষ্ঠিত শিক্ষকদের সাধারণ সভায় উহার নিন্দা জানান হয়, সভায় বলা হয়, বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসন খর্ব করিয়া এবং সরকারী নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করিয়া মুক্ত বুদ্ধির বিকাশ সাধন জ্ঞান চর্চা এবং শিক্ষার পরিবেশ ক্ষুণ্ণ করিবে। সেইজন্য শিক্ষক ফেডারেশনের সহিত আলাপ-আলোচনা ব্যতীত কোন প্রকার সংশোধনী চাপাইয়া দেওয়া হইলে তাহা প্রতিহত করা হইবে। —প্রেস বিজ্ঞপ্তি